

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩৩. কোন ব্যাপারে নেতৃত্ব দেয়ার পুরোপুরি যোগ্যতা না থাকা সত্ত্বেও তাতে নেতৃত্ব দিতে উৎসাহিত হওয়া

আবু যর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) আমাকে উদ্দেশ্য করে বলেন:

يَا أَبَا ذَرِّ! إِنِّيْ أَرَاكَ ضَعِيْفًا، وَإِنِّيْ أُحِبُّ لَكَ مَا أُحِبُّ لِنَفْسِيْ ، لاَ تَأَمَّرَنَّ عَلَى اثْنَيْنِ ، وَلاَ تَوَلَّيَنَّ مَالَ يَتِيْمٍ "হে আবু যর! আমি তোমাকে (নেতৃত্বের ব্যাপারে) দুর্বল মনে করছি। আমি যা নিজের জন্য পছন্দ করছি তা তোমার জন্যও পছন্দ করছি। তুমি কখনো এমনকি দু' জনের উপরও নেতৃত্ব দিতে যাবে না এবং কোন এতিমের সম্পদেরও দায়িত্ব নিবে না"।[1]

>

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৮৫৩)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11483

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন